



গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি শহীদ আবদুস সালাম ডিগ্রি কলেজ, কালিয়া, নড়াইল

Website: gsasc.college.gov.bd

২০২৪ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৪ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী Online(EMS)-এর মাধ্যমে সম্পন্ন করা হবে।

১। শিক্ষার্থীর ফরম জমা দেওয়ার তারিখ:

ক) পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পূরণের আবেদন করার তারিখ: ১৮/০৫/২০২৬ হতে ১২/০৬/২০২৬ পর্যন্ত

খ) শিক্ষার্থী কর্তৃক প্রিন্টকৃত ফরম কলেজে জমা দেয়ার শেষ তারিখ: ১৩/০৬/২০২৬

২। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:

ক) ডিগ্রী (পাস) কোর্স ৩য় বর্ষ পরীক্ষা নিয়মিত:

i) ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী

ii) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষে "ইংরেজী" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) ৩য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্ছনীয়।

iv) এ সকল শিক্ষার্থীদেরকে ব্যবহারিক সম্বলিত বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

খ) ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (অনিয়মিত):

i) ২০১৮-১৯, ২০১৯-২০ ও ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা ২০১৯, ২০২০ ও ২০২১ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে উত্তীর্ণ হয়েছে কিন্তু ২০২১, ২০২২ ও ২০২৩ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষে "ইংরেজী" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) ২০১৮-১৯, ২০১৯-২০ ও ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী যারা ২০২১, ২০২২ ও ২০২৩ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে কোন কোর্স/পত্রে F গ্রেড পেয়েছে তারা F গ্রেড প্রাপ্ত কোর্স/পত্রের পরীক্ষায় অংশ গ্রহন করবে।

গ) ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (মান উন্নয়ন):

i) ২০২৩ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষার ফলাফল প্রকাশের পর ৩য় বর্ষের সর্বোচ্চ দুটি (C+ , C এবং D গ্রেড প্রাপ্ত) কোর্সে মান উন্নয়ন পরীক্ষা দিতে পারবে। ব্যবহারিক পরীক্ষায় মান উন্নয়নের সুযোগ নাই।

৩। অনলাইনে আবেদন ফরম পূরণ:

i) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট(<http://ems.nu.ac.bd/student-login>) এ প্রবেশ করে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে অনলাইন থেকে আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। প্রিন্টকৃত আবেদন ফরমের সাথে প্রয়োজনীয় কাগজপত্র কলেজে নির্ধারিত তারিখের পূর্বে জমা দিতে হবে।

(ii) ফরম পূরণের নির্ধারিত ফি অগ্রণী ব্যাংক সিএলসি, কালিয়া শাখায় জমা দিতে হবে।

৪। অনলাইনে আবেদন ফরম পূরণের পর করণীয়:

ক) আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি জমা দিতে হবে।

খ) অকৃতকার্য/মানোন্নয়ন পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র ও অনলাইন ফলাফল সিটের ফটোকপি জমা দিতে হবে।

গ) ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি অনলাইনে প্রাপ্ত আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে লাগাতে হবে।

২০২৪ সালের ডিগ্রি পাস ওয় বর্ষ নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের ফিসের বিস্তারিত বিবরণ:

(ক) নিয়মিত:


| ক্র. নং. | গ্রুপ | প্রতি পত্রের হার | পত্র সংখ্যা | বিশ্ববিদ্যালয়ের ফি | | | | কলেজ ফি | | | সর্বমোট |
|----------|-----------|------------------|-------------|---------------------|---------|-----------------|------|-------------|-------------|-----|---------|
| | | | | পত্র ফি | ইনকোর্স | নম্বরফর্দ ও সনদ | মোট | কেন্দ্র ফিস | ব্যবস্থাপনা | মোট | |
| ০১ | বি.এ. | ১৫০ | ৭ | ১০৫০ | ১৫০ | ১০০০ | ২২০০ | ৪৫০ | ৫০ | ৫০০ | ২৭০০ |
| ০২ | বি.এস.এস | | ৭ | ১০৫০ | ১৫০ | ১০০০ | ২২০০ | ৪৫০ | ৫০ | ৫০০ | ২৭০০ |
| ০৩ | বি.বি.এস. | | ৭ | ১০৫০ | ১৫০ | ১০০০ | ২২০০ | ৪৫০ | ৫০ | ৫০০ | ২৭০০ |

(খ) অনিয়মিত/ অকৃতকার্য / যানোয়মন:

অনলাইনে ফরম পূরণের পর বিশ্ববিদ্যালয়ের ফি যে টাকা আসে + কলেজ ফি ৫০০ টাকা

(গ) Conditional promoted (c-promoted):

অনলাইনে ফরম পূরণের পর বিশ্ববিদ্যালয়ের ফি যে টাকা আসে + কলেজ ফি ৫০০ টাকা + অতিরিক্ত ১৫০০ টাকা (বিশ্ববিদ্যালয়)



(মো: কামাল হোসেন)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

সরকারি শহীদ আব্দুস সালাম কলেজ
কামিয়া, নড়াইল